পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

বাঘোপাড়া, গোকুল, বগুড়া



তারিখ: ২১.১১.২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর বিভিন্ন বিভাগ/দপ্তরে একাডেমিক ও প্রশাসনিক জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞ বাংলাদেশী (পুরুষ/মহিলা) নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

ক্রম.	পদের নাম	বিভাগ/বিষয় ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অধ্যাপক/ সহযোগী অধ্যাপক (স্থায়ী/চুক্তিভিত্তিক)	• সিভিল ইঞ্জিনিয়ারিং-১টি • ইইই-১টি	**অধ্যাপক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:** (i) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/ শ্রেণি/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭টি। **অথবা,** (ii) সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১৮ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৬ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ৫টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭টি। **অথবা,** (iii) সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যূনতম ৩টি ১ম শ্রেণি/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মোট ২০ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৭ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১৫টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে ৭টি সহকারী অধ্যাপক হিসেবে। **সহযোগী অধ্যাপক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:** (i) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দুটি ১ম শ্রেণী/ বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে ৩ বছর সহকারী অধ্যাপক হিসেবে। মোট ৫টি প্রকাশনা থাকতে হবে ৩টি সহকারী অধ্যাপক হিসেবে। **অথবা,** (ii) সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে দু'টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে নূন্যপক্ষে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ৪ বছর সহকারী অধ্যাপক হিসেবে ৫টি প্রকাশনা থাকতে হবে; ৩টি সহকারী অধ্যাপক হিসেবে। **অথবা,** (iii) সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। ন্যূনতম ৩টি ১ম শ্রেণি/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। এ ক্ষেত্রে নূন্যপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে ৪ বছর সহকারী অধ্যাপক হিসেবে। ৬টি প্রকাশনা থাকতে হবে; তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ৪টি। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।
২.	পরিচালক	• পিআইআরডি-১টি	প্রার্থীর পিএইচডি ডিগ্রীসহ শিক্ষাজীবনে কমপক্ষে দু'টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ১ম বিভাগ/শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ে ১২ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ কমপক্ষে ১৫টি প্রকাশনা থাকতে হবে। লব্ধ প্রতিষ্ঠিত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণা ও প্রশাসনিক কাজে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩.	উপ-গ্রন্থাগারিক/ সহকারী গ্রন্থাগারিক	• কেন্দ্রীয় লাইব্রেরি-১টি	**উপ-গ্রন্থাগারিক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:** (i) প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে কমপক্ষে ২য় শ্রেণী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী/এম.ফিল/পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধীকার দেয়া হবে। লাইব্রেরী সায়েন্সে সহকারী অধ্যাপক পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের যোগ্য বলে বিবেচনা করা হবে। (ii) প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে সহকারী গ্রন্থাগারিক/সমমান পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ লাইব্রেরী সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা,**

bekarsfeed.com Page 1 of 3



ক্রম.	পদের নাম	বিভাগ/বিষয় ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
			(iii) বিশ্ববিদ্যালয়/সরকারী কলেজ/বেসরকারী প্রতিষ্ঠিত কলেজে সহকারী অধ্যাপক পদে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা এবং লাইব্রেরীর পর্যাপ্ত অভিজ্ঞতাসহ সর্বমোট ১৬ (ষোল) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না। **সহকারী গ্রন্থাগারিক পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:** (i) প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে কমপক্ষে ২য় শ্রেণী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী/এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। লাইব্রেরী সায়েন্সে প্রভাষক পদে কর্মরত প্রার্থীদের যোগ্য বলে বিবেচনা করা হবে। (iii) কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী কলেজ পর্যায়ে/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/ প্রতিষ্ঠিত বেসরকারী প্রতিষ্ঠানে জুনিয়র গ্রন্থাগারিক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানে গ্রন্থাগারিক কাজে ন্যূনতম ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা,** (ক) প্রার্থীর সকল পর্যায়ে ২য় বিভাগসহ স্নাতক ডিগ্রী থাকতে হবে। (খ) কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী কলেজ/সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/প্রতিষ্ঠিত বেসরকারী প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মকর্তা পদে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে লাইব্রেরী প্রশাসন কাজে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।
৪.	প্রভাষক	• সিভিল ইঞ্জিনিয়ারিং-২টি • সিএসই-১টি	প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক (৩/৪)/স্নাতকোত্তর ডিগ্রী এবং ন্যূনতম ৩টি ১ম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। তবে স্নাতকোত্তর প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড ও পাস কোর্স গ্রহণযোগ্য হবে না।
		• পাবলিক হেলথ্-১টি	এমবিবিএস/বিডিএস ডিগ্রিসহ MPH ডিগ্রি থাকতে হবে। অথবা পাবলিক হেলথ্ বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে এবং নুন্যতম ৩ (তিন) টি ১ম বিভাগ/শ্রেণি/এ গ্রেড থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড ও পাস কোর্স গ্রহণযোগ্য হবে না।
৫.	ল্যাব অফিসার	• সিএসই-১টি	প্রার্থীর সকল স্তরে ২য় বিভাগ/শ্রেণীসহ সিএসই/সমমান প্রোগ্রামে স্নাতক ডিগ্রী থাকতে হবে। কোন প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট ল্যাবে কমপক্ষে ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর হার্ডওয়্যার, সফ্টওয়্যার, নেটওয়ার্কিং Troubleshooting ও Repairing-সহ শিক্ষকদেরকে সহযোগিতা প্রদান এবং শিক্ষার্থীদেরকে ল্যাবরেটরি সম্পর্কিত বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজীতে যোগাযোগে সক্ষম হতে হবে; নেতৃত্বসহ আধুনিক ও উন্নত কার্যকরী সিদ্ধান্ত গ্রহণ, রিসার্চ তথ্য বিশ্লেষণ, ইত্যাদি কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞদের ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।
৬.	মার্কেটিং সুপারভাইজার	• মার্কেটিং শাখা-১টি	প্রার্থীর স্নাতক ডিগ্রীসহ কোন সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা,** স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার কাজে বাস্তব অভিজ্ঞতাসহ ইন্টারনেট-ইমেইল সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।
৭.	ল্যাব টেকনিশিয়ান	• ইইই-১টি (ইলেক্ট্রিক্যাল মেশিন ল্যাব)	প্রার্থীর সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণীসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম জিপিএ-৩.০০ সহ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল টেকনোলজি ডিগ্রিধারী হতে হবে। ইলেক্ট্রিক্যাল মেশিন ল্যাবে ন্যূনতম ৬ মাস কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল টেকনোলজিসহ বিএসসি ইন ইইই ডিগ্রিধারী এবং সরকারী পলিটেকনিক ইন্সটিটিউট থেকে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।

২৯/১১/২৬

bekarsfeed.com

Page 2 of 3



ক্রম.	পদের নাম	বিভাগ/বিষয় ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
		• সিভিল ইঞ্জিনিয়ারিং-১টি	প্রার্থীর সকল পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণীসহ সিই অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক পাশ হতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন প্রতিষ্ঠানে ল্যাব টেকনিশিয়ান হিসেবে কমপক্ষে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা,** প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ পাশসহ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞদের ক্ষেত্রে যোগ্যতা শিথীলযোগ্য। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।
৮.	ক্যাটালগার	• কেন্দ্রীয় লাইব্রেরি-১টি	প্রার্থীর ন্যূনপক্ষে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী ও প্রাতিষ্ঠানিক গ্রন্থাগারে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা,** প্রার্থীর ন্যূনপক্ষে লাইব্রেরী সায়েন্সে সার্টিফিকেট কোর্সসহ স্নাতক ডিগ্রী ও ৮ বৎসরের প্রাতিষ্ঠানিক লাইব্রেরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার কাজে বাস্তব অভিজ্ঞতাসহ ইন্টারনেট-ইমেইল সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতার কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সি-গ্রেড গ্রহণযোগ্য হবে না।
৯.	ম্যানেজার	• ক্যান্টিন-১টি	প্রার্থীর স্নাতক ডিগ্রী অথবা এইচএসসি পাশসহ সংশ্লিষ্ট কাজের ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
১০.	বাবুর্চি	• ক্যান্টিন-১টি	প্রার্থীর অষ্টম শ্রেণী পাশ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ১ থেকে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এ মর্মে অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে।
১১.	কারিগর	• ক্যান্টিন-১টি	প্রার্থীর ন্যূনতম অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ থেকে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বিঃ দ্র. ঃ

(১) এ গ্রেড=১ম বিভাগ (এসএসসি ও এইচএসসি'র ক্ষেত্রে জিপিএ-৫.০০ এর মধ্যে ৪.০০; অনার্স ও মাষ্টার্স এর ক্ষেত্রে সিজিপিএ-৪.০০ এর মধ্যে ৩.৫০ বোঝাবে।

(২) পিএইচ.ডি/এম.ফিল ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

নির্দেশনা:

- প্রার্থীকে "রেজিস্ট্রার, পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, গোকুল, বগুড়া" বরাবর আবেদন করতে হবে। আবেদনের সাথে নির্ধারিত CV Format অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত CV সংযুক্ত করতে হবে (CV Format বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে Download করা যাবে)।
- প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্টস্, অভিজ্ঞতার সনদ, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, NID'র ফটোকপিসহ প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ১-৫ নং পদের বিপরীতে ৩০০/- (তিনশত) টাকা এবং ৬-১১ নং পদের বিপরীতে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ০৮.১২.২০২৬ খ্রি.।
- ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর শিরোনাম: "পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি"।
- আবেদনপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দেয়া যাবে।
- খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পন্ন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- সাক্ষাৎকারের জন্য প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

২১.১১.২৬

রেজিস্ট্রার

পুণ্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি।

যোগাযোগ:

মোবাইল: ০১৩১৩-৩৭৭০৭২, ০১৭১৮-১৯৮০৫৪

ওয়েবসাইট: www.pundrauniversity.ac.bd

bekarsfeed.com

Page 3 of 3